

স্মারক নং-৪৬.০০.০০.০০.০১৭.৯৯.০৩১.১৮. ৪৯২

তারিখ : ২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
০৪ জুন, ২০১৮ খ্রিঃ।

বিষয় : Low Performing ইউনিয়ন পরিষদের নাম প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার স্থানীয় সরকার ব্যবস্থাকে শক্তিশালী করণের লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। শুধু বাংলাদেশ সরকারই নয় বিশ্ব ব্যাংকের, ইউএনডিপি সহ বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ ইস্যুকে অধিকতর গুরুত্ব দিয়ে সরকারের পাশাপাশি কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (UZGP) এবং ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্টের (UPGP) কার্যক্রম সমাপ্তি হয়েছে। তারই ধারাবাহিকতায় এই দুইটি প্রকল্পের সমন্বয়ে UNDP যৌথভাবে SDC এবং DANIDA এর সহযোগিতায় Efficient & Accountable Local Governance (EALG) প্রকল্প গ্রহণ করেছে। যার উদ্দেশ্য হলো SDG এর লক্ষ্যসমূহ অর্জনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দক্ষতা আরো বৃদ্ধি এবং স্থানীয় সরকার ব্যবস্থায় উন্নয়নমূলক কর্মকান্ড এবং সেবা প্রদানের ক্ষেত্রে অংশীদারগণকে সক্রিয় করে তোলা। EALG প্রকল্পের আওতায় বাংলাদেশের ০৮ (আট)টি বিভাগ হতে ০৮(আট) টি জেলা বাছাই করা হয়েছে। প্রতিটি জেলা হতে ০২(দুটি) করে উপজেলা এবং ৩০(ত্রিশ)টি করে Low Performing ইউনিয়ন পরিষদকে উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্ণিতাবস্থায়, Low Performance বিবেচনায় নিম্নোক্ত ০৮(আট)টি জেলার প্রত্যেকটি জেলা হতে ৩০টি করে ইউনিয়ন পরিষদের নাম প্রয়োজন:

ক্রমিক	বিভাগের নাম	জেলা নাম	ইউনিয়ন পরিষদের নাম
১.	ঢাকা	ফরিদপুর	
২.	খুলনা	খুলনা	
৩.	বরিশাল	পটুয়াখালী	
৪.	রাজশাহী	রাজশাহী	
৫.	সিলেট	সুনামগঞ্জ	
৬.	চট্টগ্রাম	চাঁদপুর	
৭.	ময়মনসিংহ	নেত্রকোণা	
৮	রংপুর	রংপুর	

০২। বর্ণিতাবস্থায় উপরে উল্লিখিত ০৮টি জেলার প্রত্যেকটি হতে Low Performance বিবেচনায় প্রত্যেক জেলা হতে ৩০(ত্রিশ)টি করে সর্বমোট $৩০ \times ৮ = ২৪০$ টি ইউনিয়ন পরিষদের নাম আগামী ১৪ জুন, ২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপ-প্রকল্প পরিচালক, Efficient & Accountable
Local Governance (EALG) প্রকল্প

৩

উপসচিব

স্থানীয় সরকার বিভাগ

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

প্রকল্প পরিচালক

লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-৩)

৯০/১, মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি :

০১। জনাব অমিতাভ সরকার, যুগ্মসচিব (উপজেলা) ও প্রকল্প পরিচালক, Efficient & Accountable Local Governance (EALG) প্রকল্প, ঢাকা

০২। যুগ্মসচিব (ইপ) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। অফিস কপি।